

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭১৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১৩. মুসল্লীর সামনে দিয়ে গাধা অতিক্রম করলে সালাত ভঙ্গ হয় না

باب مَنْ قَالَ الْحِمَارُ لَا يَقْطَعُ الصَّلَاةَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ مَنْصُورٍ، عَنِ الْحَكَمِ، عَنْ يَحْيَى بْنِ الْجَزَّارِ، عَنْ أَبِي الصَّهْبَاءِ، قَالَ تَذَاكُرْنَا مَا يَقْطَعُ الصَّلَاةَ عِنْدَ ابْنِ عَبَّاسٍ فَقَالَ جِئْتُ أَنَا وَغُلَامٌ مِنْ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ عَلَى حِمَارٍ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي فَنَزَلَ وَنَزَلْتُ وَتَرَكَنَا الْحِمَارَ أَمَامَ الصَّفِّ فَمَا بِالْأُهْ وَجَاءَتْ جَارِيَتَانِ مِنْ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ فَدَخَلَتَا بَيْنَ الصَّفِّ فَمَا بِالِي ذَلِكَ .

- صحيح

বাংলা

৭১৬। আবুস সাহবা সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা ইবনু 'আব্বাস (রাঃ)-এর নিকট সালাত নষ্ট হওয়ার কারণ সম্পর্কে আলোচনা করলাম। ইবনু 'আব্বাস (রাঃ) বললেন, একদা আমি এবং বনু 'আবদুল মুত্তালিবের এক বালক গাধার পিঠে আরোহণ করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলাম। তখন তিনি সালাত আদায় করছিলেন। সে ও আমি গাধার পিঠ থেকে নামলাম এবং আমরা গাধাটিকে কাতারের সামনে ছেড়ে দিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একে আপত্তিকর মনে করলেন না। এ সময় বনু 'আবদুল মুত্তালিবের দু'টি বালিকা এসে কাতারের মধ্যে প্রবেশ করল। এতেও তিনি কোন ভ্রূক্ষেপ করলেন না।[1]

সহীহ।

English

Narrated Abdullah ibn Abbas:

Abusahba' said: We discussed the things that cut off the prayer according to Ibn Abbas. He said: I and a boy from Banu AbdulMuttalib came riding a donkey, and the Messenger of Allah (ﷺ) was leading the people in prayer. He dismounted and I also dismounted. I left the donkey in front of the row (of the worshippers). He (the Prophet) did not pay attention to that. Then two girls from Banu AbdulMuttalib came and joined the row in the middle, but he paid no attention to that.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ ক্বিবলাহ, অনুঃ কিসে সালাত নষ্ট হয় এবং কিসে হয় না, হাঃ ৭৫৩), আহমাদ (১/২৬৫/৩৪১), ইবনু খুযাইমাহ (৮৩৬), ইয়াহইয়া ইবনু জায়্যার সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবুস সাহবা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58034>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন